

ঢাবির উপ-উপাচার্য হলেন প্রফেসর ড. আব্দুস সালাম

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপ-উপাচার্য
(একাডেমিক) পদে প্রফেসর ড. আব্দুস
সালামকে নিয়োগ দিয়েছে সরকার।

আজ সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও
উচ্চ শিক্ষা বিভাগ থেকে জারি করা এক
প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, মহামান্য রাষ্ট্রপতি ও
চ্যান্সেলরের অনুমোদনক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয়
আদেশ, ১৯৭৩-এর আর্টিকেল ১৩ (১) অনুযায়ী
তাকে এ পদে নিয়োগ দেওয়া হয়েছে। তার এ
নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে চার
বছর হবে।

এতে আরো বলা হয়, উপ-উপাচার্য
(একাডেমিক) হিসেবে দায়িত্ব পালনকালে তিনি
বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতা ভোগ
করবেন এবং বিধি অনুযায়ী অন্যান্য সুযোগ-
সুবিধা পাবেন। পাশাপাশি তাকে
সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে
অবস্থান করতে হবে।

প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, তিনি বিশ্ববিদ্যালয়ের
সংবিধি ও আইন অনুযায়ী নির্ধারিত ক্ষমতা
প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন এবং ভাইস-
চ্যান্সেলর কর্তৃক অর্পিত দায়িত্বও পালন
করবেন।

জনস্বার্থে জারি করা এ আদেশে আরো বলা হয়,
প্রয়োজনবোধে রাষ্ট্রপতি ও চ্যান্সেলর যে কোনো
সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।